

💵 সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১২০৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৮৩]
৫। মাসজিদ ও সালাতের স্থানসমূহ (১৯০১ বিচেছদঃ ২৩. সালাতের পর যিকর

باب الذِّكْرِ بَعْدَ الصَّلاَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ حَاتِمٍ، أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ بَكْرٍ، أَخْبَرَنَا ابْنُ جُرَيْجٍ، ح قَالَ وَحَدَّثَنِي إِسْحَاقُ بْنُ مَنْصُورٍ، _ وَاللَّفْظُ لَهُ _ قَالَ أَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا ابْنُ جُرَيْجٍ، إِسْحَاقُ بْنُ مَنْصُورٍ، _ وَاللَّفْظُ لَهُ _ قَالَ أَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَهُ أَنَّ ابْنُ عَبَّاسٍ أَخْبَرَهُ أَنَّ ابْنَ عَبَّاسٍ عَلَى عَهْدِ النَّبِيِّ صلى الله وَلَا اللهُ وسلم . وَأَنَّهُ قَالَ قَالَ ابْنُ عَبَّاسٍ كُنْتُ أَعْلَمُ إِذَا انْصَرَفُوا بِذَلِكَ إِذَا سَمِعْتُهُ .

বাংলা

১২০৫-(১২২/...) মুহাম্মাদ ইবনু হাতিম ও ইসহাক ইবনু মানসূর (রহঃ) 'আবদুল্লাহ ইবনু আব্বাস (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর যুগে ফার্য (ফর্য) সালাত শেষে লোকেরা উচ্চস্বরে তাকবীর বা অন্য কোন যিকর পাঠ করত*।

আবূ মা'বাদ বলেন, 'আবদুল্লাহ ইবনু আব্বাস আরো বলেছেনঃ ঐ উচ্চৈঃস্বর শুনেই আমি সালাত শেষ হওয়ার কথা বুঝতে পারতাম। (ইসলামী ফাউন্ডেশন ১১৯৪, ইসলামীক সেন্টার. ১২০৫)

English

Ibn 'Abbas reported:

Dhikr (mentioning the name of Allah) in a loud voice after obligatory prayers was (a common practice) during the lifetime of the Messenger of Allah (ﷺ); and when I heard that I came to knew that they (the people) had finished the prayer.

ফুটনোট



* ইমাম নাবাবী (রহঃ) বলেন, কোন কোন সালাফ বা ইবনু হাযম জাহিরী (রহঃ) এর মতে সালাম শেষে উচ্চস্বরে মাসনুন যিকর পাঠ মুস্তাহাব। আর ইবনু বাত্তাল এর মতে, অনুসরণীয় ইমামগণের নিকট যিকরসমূহ ও তাকবীর নীরবে পঠনীয়। ইমাম শাফি-ঈ (রহঃ) এর বক্তব্য হ'লঃ উচ্চস্বরে যিকর পাঠ সর্বদা ছিল না; তাই ইমাম সাহেব যিকরসমূহ শিক্ষাদানের জন্য কিছুদিন সালাম ফিরানোর পর জোরে জোরে শোনাতে পারেন। (শরহে মুসলিম- ১ম ২১৭ পৃষ্ঠা)

উল্লেখ্য যে, প্রচলিত সমবেত মুনাজাতটা পদ্ধতিগত ও এক্ষেত্রে মাসনুন যিকর নয় এমন ভিন্ন দু'আ পঠিত হওয়া এসব মিলিয়ে এটা পরিত্যাজ্য বিদ'আত ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন